

## আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৪৩২

৩৯/ সালাম (كتاب السلام)

পরিচ্ছেদঃ ৩৯/৩১. মধু পান করানোর মাধ্যমে চিকিৎসা করা।

التداوي بسقي العسل

আরবী

حَدِيثُ أَبِي سَعِيدٍ، أَنَّ رَجُلًا أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: أَخِي يَشْتَكِي بَطْنُهُ  
فَقَالَ: اسْقِهِ عَسَلًا ثُمَّ أَتِيَ الْثَّانِيَةَ، فَقَالَ: اسْقِهِ عَسَلًا ثُمَّ أَتَاهُ الْثَّالِثَةَ، فَقَالَ: اسْقِهِ عَسَلًا ثُمَّ  
أَتَاهُ، فَقَالَ: فَعَلْتُ فَقَالَ: صَدَقَ اللَّهُ وَكَذَبَ بَطْنُ أَخِيكَ، اسْقِهِ عَسَلًا فَسَقَاهُ، فَبَرَأَ

বাংলা

১৪৩২. আবু সাঈদ (রাঃ) হতে বর্ণিত। এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বললঃ আমার ভাইয়ের পেটে অসুখ হয়েছে। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তাকে মধু পান করাও। এরপর লোকটি দ্বিতীয়বার আসলে তিনি বললেনঃ তাকে মধু পান করাও। সে তৃতীয়বার আসলে তিনি বললেন তাকে মধু পান করাও। এরপর লোকটি পুনরায় এসে বললঃ আমি অনুরূপই করেছি। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আল্লাহ সত্য বলেছেন, কিন্তু তোমার ভাইয়ের পেট অসত্য বলছে। তাকে মধু পান করাও। সে তাকে মধু পান করাল। এবার সে আরোগ্য লাভ করল।

ফুটনোট

সহীল বুখারী, পর্ব ৭৬: চিকিৎসা, অধ্যায় ৪, হাঃ ৫৬৮৪; মুসলিম, পর্ব ৩৯ : সালাম, অধ্যায় ৩১, হাঃ ২২৬৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84660>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন